# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর ৪/প্রস/৯৬/২৬৭৫ তারিখ ২৭/০২/২০২০

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ ঃ** উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় ঃ সহ-শিক্ষা চালুকরণের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪০.০০১.১৭.১৪৭ তারিখ ঃ ০২/০৯/২০১৯ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পাবনা জেলার সুজানগর উপজেলাধীন **"দুর্গাপুর নেছারা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়"**-এর সহ-শিক্ষা চালুকরণের লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের উপ-বিদ্যালয় পরিদর্শক সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

## সহশিক্ষা চালুকরণ বিষয়ে

পরিদর্শন প্রতিবেদনের তথ্যসমূহ ছক

১। প্রতিষ্ঠানের EIIN ঃ ১২৫৭৬৬

২। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ **দুর্গাপুর নেছারা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়**

ডাকঘর- গোবিন্দপুর, উপজেলা- সুজানগর, জেলা- পাবনা।

৪। ৮ম শ্রেণির প্রাথমিক পাঠদান অনুমতির তারিখ ঃ ০১/০১/১৯৭৪ খ্রি:

৩। ৮ম শ্রেণির একাডেমিক স্বীকৃতির তারিখ ঃ ০১/০১/১৯৭৪ খ্রি:

৪। ৯ম শ্রেণীর পাঠদান অনুমতির তারিখ ঃ ০১/০১/১৯৭৫ খ্রি:

৫। চেয়ারম্যান মহোদয়ের আদেশের তারিখ ঃ ১৭/০৯/২০১৯ খ্রি:

৬। বর্তমান পরিদর্শনের তারিখ ঃ ১৮/০১/২০২০ খ্রি:

৭। পরিদর্শনের উদ্দেশ্য ঃ সহশিক্ষা চালুকরণের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন প্রদানের যথার্থতা যাচাই।

| ক্রমিক নং | পূরণীয় শর্ত | বর্তমান অবস্থা | মন্তব্য শর্তপূরণকৃত/অপূরণকৃত |
|---|---|---|---|
| ৮। | প্রতিষ্ঠান হইতে প্রতিষ্ঠানের দূরত্ব নিম্ন মাধ্যমিক পৌরঃ ১ কিঃ মিঃ<br>মফস্বল- ৩ কিঃ মিঃ<br>মাধ্যমিক পৌরঃ ১ কিঃ মিঃ<br>মফস্বল- ৪ কিঃ মিঃ | উত্তরে ঃ বলরামপুর উচ্চ বিদ্যালয়- ৪ কিঃ মিঃ<br>দক্ষিণে ঃ বোয়ালিয়া উচ্চ বিদ্যালয়- ৪ কিঃ মিঃ<br>পূর্বে ঃ দাড়িয়াপুর উচ্চ বিদ্যালয়- ৪ কিঃ মিঃ<br>পশ্চিমে ঃ বজলুর রহমান উচ্চ বিদ্যালয়- ৫ কিঃ মিঃ<br>উপজেলা নির্বাহী অফিসারের সনদ মূলে,<br>তারিখ- ০২/০৩/২০২০ খ্রি: | শর্ত পূরণকৃত। |
| ৯। | প্রতিষ্ঠান এলাকার জনসংখ্যা<br>নিম্ন মাধ্যমিক-নূন্যতম- ৮,০০০ হাজার<br>মাধ্যমিক- নূন্যতম- ১০,০০০ হাজার | ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী সুজানগর উপজেলার জনসংখ্যা- ৫,১৯,৭০০ জন। বর্তমানে মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা- ৩৩ টি, প্রাপ্যতা- ৫১ টি, প্রাপ্যতা আছে- ১৮ টি। | শর্ত পূরণকৃত। |
| ১০। | নূন্যতম শিক্ষার্থীর সংখ্যা<br>নিম্ন মাধ্যমিক- ১৩০ জন<br>মাধ্যমিক- ১৫০ জন | ৬ষ্ঠ শ্রেণী- ৯৪ জন - উপস্থিত - ৮৩ জন<br>৭ম শ্রেণী- ৮৫ জন - উপস্থিত - ৭৮ জন<br>৮ম শ্রেণী- ৭৯ জন - উপস্থিত - ৭২ জন<br>৯ম মানবিক- ৪৯ জন - উপস্থিত - ৪৫ জন<br>বিজ্ঞান- ১১ জন - উপস্থিত - ১১ জন<br>বাণিজ্য- ৩৫ জন - উপস্থিত - ৩০ জন<br>১০ম মানবিক- ৪৯ জন - উপস্থিত - ৪৬ জন<br>বিজ্ঞান- ১৪ জন - উপস্থিত - ১২ জন<br>সর্বমোট - ৪১৬ জন - উপস্থিত - ৩৭৭ জন | শর্ত পূরণকৃত। |
| ১১। | নিজস্ব জমির পরিমান<br>নিম্ন মাধ্যমিক- মেট্রো এলাকা- .২০ শতক<br>পৌর এলাকা- ০৩০ শতক<br>মফস্বল এলাকায়- ০৫০ শতক<br>মাধ্যমিক- মেট্রো এলাকা- ০২৫ শতক<br>পৌর এলাকা- ০৫০ শতক<br>মফস্বল এলাকায়- ০৭৫ শতক | মোট জমি- ৮৩$\frac{১}{২}$ শতক<br>হাল নাগাদ পর্যন্ত খাজনা পরিশোধ আছে। | শর্ত পূরণকৃত। |
| ১২। | বিদ্যালয় ভবন/নিজস্ব ঘর<br>ছাত্র/ছাত্রী প্রতি- ১ বঃ মিঃ<br>পাকা/আধাপাকা/টিনসেড ভবন | আধাপাকা ভবন- ০২ টি<br>মোট কক্ষ সংখ্যা- ১৫ টি। | শর্ত পূরণকৃত। |
| ১৩। | শিক্ষক কর্মচারীর সংখ্যা-<br>অনুমোদিত ষ্টফিং প্যাটার্ণ অনুযায়ী<br>যোগ্যতা সম্পন্ন | শিক্ষক/শিক্ষিকা- ১১ জন<br>কর্মচারী- ০৫ জন<br>মোট- ১৬ জন। | শর্ত পূরণকৃত। |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ...........

১৫। বিদ্যালয়ের মোট শিক্ষক ও কর্মচারীর পূর্ণ বিবরণ ঃ

| ক্রমিক নং | শিক্ষক, কর্মচারীর নাম ও পদবী | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগের তারিখ | যোগদানের তারিখ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মোঃ ফজলুর রহমান<br>প্রধান শিক্ষক | এস.এস.সি-২য়-১৯৮৩<br>এইচ.এস.সি-২য়-১৯৮৫<br>বি.এস.সি-৩য়-১৯৯০<br>এম.এ-৩.৬২৫-২০০৬<br>এম.এড-১ম-১৯৯৭ | ০২/০৫/১৯৯২ | ১৭/০৯/২০১৯ | N.T.R.CA-এর প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ২। | মোঃ আব্দুর রাজ্জাক<br>সহকারী প্রধান শিক্ষক | এস.এস.সি-২য়-১৯৭৭<br>এইচ.এস.সি-৩য়-১৯৮১<br>বি.এ-৩য়-১৯৮৪<br>বি.এড-২য়-১৯৯৫ | ২৫/০৩/২০১১ | ২৯/০৩/২০১১ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত নয়। | |
| ৩। | মোঃ মোক্তার হোসেন<br>সহকারী শিক্ষক | এস.এস.সি-২য়-১৯৭৫<br>এইচ.এস.সি-৩য়-১৯৭৮<br>বি.এস.সি-৩য়-১৯৮০<br>বি.এড-২য়-১৯৮৭ | ২৯/০৮/১৯৮৭ | ০১/০৯/১৯৮৭ | N.T.R.CA-এর প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৪। | আবু সাঈদ মোঃ সাইফুল্লাহ<br>সহকারী শিক্ষক (ধর্মীয়) | দাখিল-২য়-১৯৭৪<br>আলিম-৩য়-১৯৮৩<br>এফ.এম-৩য়-১৯৮৩ | ২৯/০৮/১৯৮৭ | ০১/০৯/১৯৮৭ | N.T.R.CA-এর প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৫। | মোছাঃ সীমা খাতুন<br>সহকারী শিক্ষক | এস.এস.সি-১ম-১৯৯৮<br>এইচ.এস.সি-২য়-২০০০<br>বি.এস.সি-২য়-২০০৫<br>বি.এড-৪.০০-২০০৭ | ০৮/০৬/২০১০ | ১০/০৬/২০১০ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত।<br>৯০০১০৯৩১/২০০৯<br>তাং- ১৮/০২/২০১০ | |
| ৬। | মোছাঃ মোমেনা খাতুন<br>সহকারী শিক্ষক | এস.এস.সি-১ম-১৯৯৬<br>এইচ.এস.সি-১স-১৯৯৮<br>বি.এস.এস-২য়-২০০২<br>এম.এস.এস-২য়-২০০২ | ০৫/০৫/২০০৫ | ১০/০৫/২০০৮ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত।<br>০৫১০৪৮৫৩/২০০৫<br>তাং- ২৬/০১/২০০৬ | |
| ৭। | মোঃ শামীম হোসেন<br>সহকারী শিক্ষক | এস.এস.সি-১ম-১৯৯৪<br>এইচ.এস.সি-২য়-১৯৯৬<br>বি.এ-২য়-১৯৯৯<br>এম.এস.এস-৩.৪২৫-২০০৯<br>বি.পি.এড-২য়-২০০৩ | ১৭/০৩/২০১১ | ২০/০২/২০১১ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত।<br>৮০০০৮২৪৫/২০০৮<br>তাং- ২৪/০২/২০০৯ | |
| ৮। | মোঃ মেহেদী হাসান<br>সহকারী শিক্ষক | এস.এস.সি-১ম-২০০০<br>কৃষি ডিপ্লোমা-৩.২৬-২০০৯ | ০৪/০২/২০১৩ | ০৪/০২/২০১৩ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত।<br>১০০০০৫৭৬০৪/২০১১<br>তাং-০৪/০৩/২০১২ | |
| ১০। | মোহাম্মদ আলী সরকার<br>সহকারী শিক্ষক | এস.এস.সি-২য়-১৯৯৮<br>এইচ.এস.সি-২য়-২০০০<br>বি.এ অনার্স(ইং)-৩.২৫-২০০৯<br>এম.এ (ইং)-২.৯৯-২০১০<br>বি.এড-২য়-২০১৪ | ১১/০৪/২০১৪ | ০৬/০২/২০১৯ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত।<br>২০১২৮৪১৪৪৮/২০১১<br>তাং-২৬/১১/২০১২ | |
| ১১। | মোছাঃ তাসলিমা খাতুন<br>সহকারী শিক্ষক | এস.এস.সি-৩.৭৫-২০০৬<br>এইচ.এস.সি-৪.৩৩-২০০৮<br>বি.এ অনার্স (বাং)-২য়-২০১২<br>এম.এ (বাং)-১ম-২০১৩ | ০৪/০২/২০১৯ | ০৬/০২/২০১৯ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত।<br>১৪২০১৭০০০৭৭৬/২০০৮<br>তাং-১৭/১১/২০১৮ | |
| ১২। | মোঃ আরিফুল ইসলাম<br>সহকারী শিক্ষক | এস.এস.সি-২.৫০-২০০৫<br>এইচ.এস.সি-২.৭০-২০০৭<br>বি.বি.এস-২য়-২০১১<br>এম.বি.এ-২.৭৮-২০১৪ | ০৪/০২/২০১৯ | ০৬/০২/২০১৯ | N.T.R.CA-এর সনদপ্রাপ্ত।<br>২০১৪১০১৮৪২৯৮/২০১৩<br>তাং-২১/০৮/২০১৪ | |
| ৯। | মোছাঃ জান্নাতুল ফেরদৌস<br>অফিস সহকারী | এস.এস.সি-১ম-১৯৯৫<br>এইচ.এস.সি-২য়-২০০১ | ০২/০৫/১৯৯২ | ১০/০৮/২০০৩ | প্রযোজ্য নহে | |
| ১৩। | মোঃ আলমগীর হোসেন<br>নৈশ প্রহরী | অষ্টম শ্রেণি | ০৩/১০/২০০৬ | ০৩/১০/২০০৫ | প্রযোজ্য নহে | |
| ১৪। | মোছাঃ মোমেনা খাতুন<br>আয়া | অষ্টম শ্রেণি | ১৮/০২/২০০৯ | ১৮/০২/২০০৯ | প্রযোজ্য নহে | |
| ১৫। | মোছাঃ আফরোজা খাতুন<br>দপ্তরী | অষ্টম শ্রেণি | ১০/০৬/২০১০ | ১০/০৬/২০১০ | প্রযোজ্য নহে | |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ..............

| | | | |
|---|---|---|---|
| ১৬। | লাইব্রেরী ও বিজ্ঞানাগর<br>নূন্যতম- ১০০০ বই<br>নূন্যতম- ২০০০ বই | পৃথক লাইব্রেরী আছে, বই সংখ্যা- ২১৬৩ খানা।<br>পৃথক বিজ্ঞানাগার আছে, যন্ত্রপাতি প্রয়োজনমত আছে। | শর্ত পূরণকৃত। |
| ১৭। | তহবিল- নূন্যতম<br>নিম্ন মাধ্যমিক- সংরক্ষিত- ৩০,০০০/-<br>সাধারণ- ৩০,০০০/-<br>মাধ্যমিক- সংরক্ষিত- ৫০,০০০/-<br>সাধারণ- ৩০,০০০/- | **১। সংরক্ষিত তহবিলে ঃ** ৫০,০০০/- টাকা<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লিঃ, দূর্গাপুর শাখা, পাবনা, এফ.ডি.আর নং- ৪২৭।<br>**২। সাধারণ তহবিলে ঃ** ৩০,৩৯৮/- টাকা<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লিঃ, দূর্গাপুর শাখা, পাবনা, S.B নং- ১০৬৯। | শর্ত পূরণকৃত। |
| ১৮। | ব্যক্তিনামে নামকরণ<br>নিম্ন মাধ্যমিক- ৬,০০,০০০/- টাকা<br>মাধ্যমিক- ১০,০০,০০০/- টাকা | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে। |
| ১৯। | পাঠক্রম<br>জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠক্রম অনুসরণ করতে হবে। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠক্রম অনুসরণ করা হচ্ছে। | শর্ত পূরণকৃত। |
| ২০। | সহ পাঠ্যক্রমিক কার্যক্রম<br>বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন, স্কাউট/গার্লস গাইড। | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন, স্কাউট/গার্লস গাইড ইত্যাদি পালিত হয়। | শর্ত পূরণকৃত। |
| ২১। | শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা | বোর্ড কর্তৃক অনুমোদিত নিয়মিত ম্যানেজিং কমিটি আছে। | শর্ত পূরণকৃত। |

২২। বিগত ০৩ (তিন) বৎসরের জে.এস.সি পরীক্ষায় অংশ গ্রহণ ও ফলাফল ঃ

২০১৭ সালে জে.এস.সি পরীক্ষায় ৭৪ জন অংশগ্রহণ করে ৭৪ জন পাশ করেছে, পাশের হার- ১০০%

২০১৮ সালে জে.এস.সি পরীক্ষায় ৯৫ জন অংশগ্রহণ করে ৯১ জন পাশ করেছে, পাশের হার- ৯৫.৭৯%

২০১৯ সালে জে.এস.সি পরীক্ষায় ৬৬ জন অংশগ্রহণ করে ৫৮ জন পাশ করেছে, পাশের হার- ৮৭.৮৭%

২৩। বিগত ০৩ (তিন) বৎসরের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা ও ফলাফল ঃ

| সাল | পরীক্ষার্থীর সংখ্যা | মোট পাশ | পাশের হার |
|---|---|---|---|
| ২০১৭ | ৩৪ জন | ৩৪ জন | ১০০% |
| ২০১৮ | ৫৯ জন | ৫০ জন | ৮৪.৭৫% |
| ২০১৯ | ৪৭ জন | ৪৩ জন | ৯১.৪৯% |

**মন্তব্য ঃ** শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪০.০০১.১৭.১৪৭ তারিখ- ০২/০৯/২০১৯ খ্রিঃ মোতাবেক মাননীয় চেয়ারম্যান মহোদয়ের ১৭/০৯/২০১৯ খ্রিঃ তারিখের আদেশক্রমে নিম্নস্বাক্ষরকারী পাবনা জেলার সুজানগর উপজেলাধীন "দুর্গাপুর নেছারা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ে" সহশিক্ষা চালুকরণের লক্ষ্যে গত ১৮/০১/২০২০ খ্রিঃ তারিখে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন করি। প্রতিষ্ঠানটির অবকাঠামো ও শিক্ষার পরিবেশ মনোরম ও প্রশংসনীয়। তবে উপজেলা সদরে প্রতিষ্ঠানটির অবস্থান হওয়ায় মেয়েদের লেখা-পড়ার সুযোগ থাকলেও ছেলেদের অনেক দুরে গিয়ে লেখাপড়ার কাজ চালাতে সময় ও অর্থ দুই অপচয় হচ্ছে। এক্ষেত্রে পার্শ্ববর্তী ৪ টি প্রতিষ্ঠান সমূহের আপত্তি নাই মর্মে প্রত্যায়ন দিয়েছে। অত্র প্রতিষ্ঠানে কাম্য শিক্ষার্থীর তুলনায় কম আছে। পক্ষান্তরে পার্শ্ববর্তী প্রতিষ্ঠান সমূহে কাম্য শিক্ষার্থীর চেয়ে অনেক বেশি আছে। সে কারণে "সহশিক্ষা" চালুকরণের অনুমতি পেলে এলাকার উভয় শ্রেণীর শিক্ষার্থীরা শিক্ষাক্ষেত্রে উপকৃত হবে। সেহেতু পার্শ্ববর্তী বিদ্যালয়গুলোতে নেতিবাচক প্রভাব পড়ার সম্ভাবনা না থাকায় উক্ত প্রতিষ্ঠানে সহশিক্ষা চালুর প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়।

অতএব, "দুর্গাপুর নেছারা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়"-এর নাম পরিবর্তন করে "দুর্গাপুর নেছারা খাতুন উচ্চ বিদ্যালয়" নামে নামকরণসহ "সহ-শিক্ষা" চালুকরণের পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন পূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের সদয় অবগতি ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

(মোঃ মুঞ্জুর রহমান খান)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

স্মারক নং- ১/ প্রশা/ ২৩/ ১২৬৭ | তারিখ: ২৭/১২/২০২০

বিষয় : <u>এডহক কমিটির অভিভাবক সদস্য ও শিক্ষক প্রতিনিধি সদস্য মোট ০২ (দুই) জন সদস্যের পদত্যাগের সত্যতা যাচাই প্রসঙ্গে।</u>

সূত্র : সদস্যগণের পদত্যাগের তারিখ: ১৫/১১/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন **"ভোলাহাট রামেশ্বর পাইলট ইনস্টিটিউশন"** এর এডহক কমিটির ০১ (এক) জন অভিভাবক সদস্য ও ০১ (এক) জন শিক্ষক সদস্য মোট ০২ (দুই) জন সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করেছেন মর্মে পদত্যাগ পত্র পাওয়া গেছে। উক্ত পদত্যাগের সত্যতা যাচাই পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : সদস্যগণের পদত্যাগ পত্রের অনুলিপি

চেয়ারম্যানের আদেশক্রমে

২৭/১২/২০২০

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
আইডি নং-৮৬০১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, বোর্ড,রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

উপজেলা নির্বাহী অফিসার,
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

২৩/১২/২০

SCHOOL_G/Rizaul-_Tudunt/Potibedun _02-peg/191

বরাবর,

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

বিষয় ঃ ভোলাহাট রামেশ্বর মডেল পাইলট ইন্টটিটিউশন এর এডহক কমিটির প্রতারনামূলক পদত্যাগপত্র বাতিলের আবেদন।

মহোদয়,
যথাবিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি রাজু আহম্মেদ, পিতাঃ মরহুম বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা, গ্রামঃ তেঁলিপাড়া, উপজেলাঃ ভোলাহাট, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ। আমি ভোলাহাট রামেশ্বর মডেল পাইলট ইন্টটিটিউশন এর অভিভাবক সদস্য হিসাবে এডহক কমিটির সদস্য হই। ভোলাহাট রামেশ্বর মডেল পাইলট ইন্টটিটিউশন এর প্রধান শিক্ষক জনাব মোঃ সাদিকুল ইসলাম বেতন বিল সহি করার প্রাক্কালে সাদা কাগজে আমার অজ্ঞাতস্বরে বেতন বিল স্বাক্ষরের নামে প্রতরনা করে আমার সহি নিয়ে পদত্যাগ পত্র আপনার বরাবরে দাখিল করিয়াছেন। পরবর্তীতে আমি জানতে পারিয়া আপনার নিকট স্বশরীরে উপস্থিত হইয়া আবেদন করিতেছি যে ইহা বাতিল যোগ্য। কেননা প্রতরনা করিয়া উক্ত স্বাক্ষর নিয়া বে-আইনীভাবে আমার পদত্যাগপত্র দাখিল করিয়াছেন, যাহা আমার কোন দিনও ইহা কাম্য নহে।

উল্লেখ্য যে, ইতিপূর্বে নিয়মিত ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য নির্বাচিত হইয়া সুনামের সহিত কমিটির দায়িত্ব পালন করিয়া আসিয়াছি। প্রতরনা করিয়া আমার মানসম্মান ক্ষুন্ন করার সামিল।

এমতাবস্থায় আপনার নিকট আমার স্বাক্ষর প্রতরনা করিয়া যে পদত্যাগপত্রটি প্রধান শিক্ষক দাখিল করিয়াছেন তাহা বাতিল করে আমার অভিভাবক সদস্য পদটি বহাল রাখার জন্য সবিনয় আবেদন করিতেছি।

তারিখ ঃ ০৯/১২/২০২০ খ্রিঃ

বিনীত

(রাজু আহম্মেদ)
অভিভাবক সদস্য
মোবাঃ ০১৭২৯৯১০৪৭১

বরাবর,

সভাপতি

এডহক কমিটি

ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন

ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

বিষয় ঃ **এডহক কমিটির সভা আহ্বান না করা প্রসঙ্গে।**

মহোদয়,

আমি নিম্ন স্বাক্ষরকারী ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ- এর প্রধান শিক্ষক এই মর্মে আপনাকে অবহিত করছি যে, আপনি এডহক কমিটির সভাপতি দাবি করে সভা আহ্বান এর জন্য একটি পত্র দিয়েছেন। এখানে উল্লেখ্য যে, গত ১০.১০.২০২০ খ্রিঃ তারিখে ২৩ নম্বর স্মারকে সভাপতি মনোনয়নের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী মহোদয়ের বরাবরে এডহক কমিটিতে সভাপতি মনোনয়নের জন্য ০৩ জন বিশিষ্ট শিক্ষানুরাগী এবং বিশিষ্ট ব্যক্তিবর্গের জীবন বৃত্তান্তসহ নাম প্রেরণ করেছিলাম। প্রেরিত তালিকায় মোহাঃ আব্দুল খালেক নামীয় কোন ব্যক্তির নাম ছিলনা এবং প্রেরিত এডহক কমিটির তালিকায় মোহাঃ আব্দুল খালেক নামীয় ব্যক্তির পিতার নাম কিংবা ঠিকানা ব্যবহার করা হয়নি। ইহা ছাড়াও, গঠিত এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে গত ১৫.১১.২০২০ খ্রিঃ তারিখে জনাব মোঃ আনোয়ার হোসেন (রজব), পিতাঃ মৃত আব্দুর রহমান, গ্রামঃ ভোলাহাট, উপজেলাঃ ভোলাহাট, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ। উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরে একটি অভিযোগ দায়ের করেছেন। অভিযোগগুলো তদন্ত প্রক্রিয়ায় রয়েছে। একদিকে অভিযোগগুলো নিষ্পত্তি হওয়া প্রয়োজন এবং অন্যদিকে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সরকারি ভাবে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় সভা আহ্বান জরুরী নয়।

বিধায়, অভিযোগগুলো নিষ্পত্তির পর সাধারণ সভা আহ্বান করে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত ঃ অভিযোগের ফটোকপি।

(মোঃ সাদেকুল ইসলাম)

প্রধান শিক্ষক/সদস্য সচিব

ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন

ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

প্রাপক,

জনাব মোহাঃ আব্দুল খালেক

সভাপতি

এডহক কমিটি

ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন

ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

তারিখ ঃ

**অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে-**

০১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।

০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

মাননীয়

উপজেলা নির্বাহী আফিসার
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

**বিষয় ঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলার ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইনস্টিটউশন-এর এডহক কমিটির সভাপতি নিয়ম বর্হিভূত ভাবে গঠন সংক্রান্ত অভিযোগ প্রসঙ্গে।**

জনাব,

সম্মান পূর্বক নিবেদন এই যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলায় ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইনস্টিটউশন শিক্ষা প্রতিষ্ঠানটি অবস্থিত। শিক্ষা প্রতিষ্ঠানটি ভোলাহাট উপজেলার প্রাণকেন্দ্রে ১৯১১ ইং সালে প্রতিষ্ঠিত ঐতিহ্যবাহী সুনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান। আমি নিম্ন স্বাক্ষরকারী পূর্বের ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য পদে নির্বাচিত হয়েছিলাম। উক্ত বিদ্যালয়ের পূর্বের ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হলে করোনা ভাইরাস জনিত কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় নিয়মিত ম্যানেজিং কমিটি গঠণ করা সম্ভব না হওয়ায় এডহক কমিটি গঠন আবশ্যক হয়ে পড়ে। এডহক কমিটি গঠনের জন্য প্রধান শিক্ষক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর বিদ্যালয় পরিদর্শক মহোদয়ের নিকট এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে একটি পত্র প্রেরণ করেন। যার স্মারক নং- ভো.রা.পা.ই/২০২০/কমিটি/৩১, ২৬/০৮/২০২০ খ্রিঃ তারিখ। প্রেরিত পত্রের আলোকে বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী মহোদয় কর্তৃক স্বাক্ষরিত এডহক কমিটি গঠনের একটি অনুমতি পত্র প্রধান শিক্ষক, ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইনস্টিটিউশনের বরাবরে প্রেরণ করেন। যার স্মারক নং- ১/এস/১০/১৮৪৫, ২৩/০৯/২০২০ খ্রিঃ তারিখ। উক্ত ইস্যুকৃত পত্রে ৩০ দিনের মধ্যে এস.আর.ও নম্বর ১৫৬/আইন/২০০৯ এর ৩৯ ধারা ও উপধারা এবং প্রচলিত বিধি মোতাবেক এডহক কমিটির প্রস্তাব জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষরে স্বয়ংসম্পূর্ণ অবস্থায় বোর্ডের অনুমোদনের জন্য দাখিল করার জন্য নির্দেশনা দেন এবং পূর্ণাঙ্গ এডহক কমিটি জমাদানের সময় প্রস্তাবিত ০৩ জন সভাপতির প্রত্যেকের জীবন বৃত্তান্ত ও এন.আই.ডি. দাখিল করতে বলা হয়। সেই প্রেক্ষিতে প্রধান শিক্ষক, ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইনস্টিটিউশন বিদ্যালয় পরিদর্শক মহোদয় বরাবরে গত ১৮/১০/২০২০ খ্রিঃ তারিখে ২৪নং স্মারকে জেলা শিক্ষা অফিসারের সুপারিশসহ অনুমোদন গ্রহন করে অভিভাবক সদস্য ০১ জন, শিক্ষক প্রতিনিধি ০১ জন এবং সদস্য সচিব হিসেবে প্রধান শিক্ষকের নাম প্রস্তাব করেন এবং ১০/১০/২০২০ খ্রিঃ তারিখে ২৩নং স্মারকে প্রধান শিক্ষক, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী মহোদয়ের বরাবরে এডহক কমিটিতে সভাপতি মনোনয়নের জন্য ১। জনাব মোঃ আনোয়ার হোসেন (রজব), পিতা- মৃত আব্দুর রহমান, গ্রাম- ভোলাহাট, উপজেলা- ভোলাহাট, জেলা- চাঁপাইনবাবগঞ্জ, ২। মোহাঃ মাসুদ রানা, পিতা- মোহাঃ রাব্বুল হোসেন, গ্রাম- গোপিনাথপুর, উপজেলা- ভোলাহাট, জেলা- চাঁপাইনবাবগঞ্জ, ৩। ছবিলাল ঋষি, পিতা- সুধীর ঋষি, গ্রাম- বাহাদুরগঞ্জ, উপজেলা- ভোলাহাট, জেলা- চাঁপাইনবাবগঞ্জ-এর জীবন বৃত্তান্ত এবং অন্যান্য চাহিত তথ্যাদিসহ প্রস্তাব প্রেরণ করেন।

চলমান পাতা নং-০২

কিন্তু মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক মহোদয় তাঁর কার্যালয়ের স্মারক নং- ১/এস/১০/১৮৭৭, ২৮/১০/২০২০ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত পত্রে এডহক কমিটির অনুমোদন প্রদান করেন। এডহক কমিটির অনুমোদন পত্রে দেখা যায় সভাপতি হিসেবে জনাব মোঃ আব্দুল খালেক কে মনোনয়ন দেয়া হয়েছে। জনাব মোঃ আব্দুল খালেক এর পূর্ণাঙ্গ ঠিকানা ব্যবহার করা হয়নি। ইহা ছাড়াও প্রধান শিক্ষক, এডহক কমিটি গঠনের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী মহোদয়ের বরাবরে সভাপতির মনোনয়ন চেয়ে যে প্রস্তাব প্রেরণ করেছিলেন সেই পত্রে জনাব মোঃ আব্দুল খালেক এর নাম উল্লেখ নেই। এডহক কমিটি গঠনের অনুমোদন পত্রে যে সূত্র ব্যবহার করা হয়েছে এমনকি সেই সূত্রোক্ত পত্রে জনাব মোঃ আব্দুল খালেক সাহেবের নাম উল্লেখ নেই। সে ক্ষেত্রে বিদ্যালয় পরিদর্শক মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ২৩/০৯/২০২০ খ্রিঃ তারিখের ১৮৪৫নং পত্র অনুযায়ী প্রধান শিক্ষক, মহোদয় গত ১০/১০/২০২০ খ্রিঃ তারিখে ২৩নং স্মারকে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী মহোদয়ের বরাবরে এডহক কমিটিতে সভাপতির মনোনয়নের জন্য যে ০৩ জন বিশিষ্ট ব্যক্তিবর্গের নাম, জীবন বৃত্তান্ত এবং প্রয়োজনীয় তথ্যাদিসহ প্রস্তাব করেছিলেন তার মধ্য থেকে সভাপতি মনোনয়ন না দিয়ে ঠিকানা বিহীন ব্যক্তি জনাব মোঃ আব্দুল খালেক নামীয় ব্যক্তিকে মনোনয়ন প্রদান করা হয়েছে। এই নিয়ে এলাকার অভিভাবক, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের মধ্যে চাপা ক্ষোভ ও চরম অসন্তোষ বিরাজ করছে। সে ক্ষেত্রে এই এডহক কমিটির মনোনীত সভাপতির পদ নিয়ে এলাকায় যে কোন সময় আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি হওয়ার আশঙ্কা রয়েছে এবং মারাত্মক জটিলতা সৃষ্টি হয়েছে।

এমতাবস্থায় সরেজমিনে তদন্ত ও সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র এবং তথ্যাদি যাচাই করে প্রেরিত প্রস্তাব অনুযায়ী সভাপতি মনোনয়ন দিয়ে জটিলতা নিরসনের জন্য মহোদয়ের নিকট আবেদন করছি।

বিনীত নিবেদক

আনোয়ার হোসেন
১৫/১১/২০২০

(মোঃ আনোয়ার হোসেন রজব)
পিতা- মৃত আব্দুর রহমান
সাং+ডাক+উপজেলা- ভোলাহাট
জেলা- চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল ঃ ০১৭৫৭৯৮৬৪৩০

তারিখ ঃ ১৫/১১/২০২০ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

০২। প্রধান শিক্ষক,ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইনস্টিটিউশন
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

সংযুক্তি ঃ

১। ম্যানেজিং কমিটি সংক্রান্ত কাগজপত্র ১৮ পাতা।

# ভোলাহাট রামেশ্বর পাইলট ইনস্টিটিউশন

ডাকঘর ও উপজেলা ঃ ভোলাহাট, জেলা ঃ চাঁপাইনবাবগঞ্জ।
স্থাপিত ঃ ১৯১১ ইং

বিদ্যালয় কোড ঃ ১৯০০, EIIN –124322 টেলিফোন নম্বর ঃ ০৭৮২২৫৬০১১
এমপিও অনুযায়ী প্রতিষ্ঠান কোড নং ঃ ৮৫০১০১১৩০১ ই-মেইলঃ brpi1911@gmail.com

স্মারক নং ঃ ভোঃরাঃপাঃইঃ /২০২০/২৭ তারিখ ঃ ২৩/১১/২০২০ খ্রিঃ

বরাবর,
চেয়ারম্যান,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ।

বিষয় ঃ এডহক কমিটির শিক্ষক প্রতিনিধি ও অভিভাবক সদস্যের পদত্যাগ পত্র প্রদান প্রসংগে।

জনাব,

যথাবিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইনস্টিটিউশনে ২৮/১০/২০২০ইং তারিখে স্মারক নং-১/এস/১০/১৮৭৭ মোতাবেক জনাব, মোঃ আব্দুল খালেক, সভাপতি হওয়ার কারনে এডহক কমিটির শিক্ষক প্রতিনিধি জনাব, মোঃ শহিদুর রহমান, ১৫/১১/২০২০খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১১ ঘটিকার সময় এবং অভিভাবক সদস্য জনাব, রাজু আহমেদ, ১৫/১১/২০২০খ্রিঃ রোজ রবিবার সকাল ১১.৩০ ঘটিকার সময় প্রধান শিক্ষকের নিকট তাঁদের পদত্যাগ পত্র জমা দেন। এমতাবস্থায় ০২ (দুই) জনের পদত্যাগ জনিত প্রয়োজনীয় পরবর্তী পদক্ষেপ গ্রহন করার জন্য আপনার নিকট আবেদন করছি।

অতএব, মহোদয় সমীপে বিনীত নিবেদন এই যে, উপরোক্ত বিষয় বিবেচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে আপনার মর্জি হয়।

বিনীত

15.11.2020
(মোঃ সাদেকুল ইসলাম)
প্রধান শিক্ষক
ও
সদস্য সচিব
ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল
ইনস্টিটিউশন
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

সংযুক্তি ঃ
১। শিক্ষক প্রতিনিধির সদস্যের পদত্যাগ পত্রের অনুলিপি।
২। অভিভাবক সদস্যের পদত্যাগ পত্রের অনুলিপি।
৩। এডহক কমিটির অনুমোদনের অনুলিপি।

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরন করা হল।

১। বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
২। সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

বরাবর,
সভাপতি/প্রধান শিক্ষক ও সদস্য সচিব
এডহক কমিটি
ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

বিষয় ঃ **ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন-এর গঠিত এডহক কমিটির শিক্ষক প্রতিনিধি সদস্য পদ থেকে পদত্যাগ পত্র প্রদান প্রসঙ্গে।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলায় ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন শিক্ষা প্রতিষ্ঠানটি অবস্থিত। ভোলাহাট উপজেলার প্রাণকেন্দ্রে ১৯১১ সালে প্রতিষ্ঠিত ঐতিহ্যবাহী সুনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান। গত ১৬ জুন, ২০০৯ খ্রিঃ তারিখের এস.আর.ও. নম্বর ১৫৬/আইন/২০০৯ এর ৩৯ ধারা বিধি মোতাবেক নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের শর্তে ২৮/১০/২০২০ খ্রিঃ তারিখ থেকে ৬ (ছয়) মাসের জন্য বোর্ড কর্তৃক এডহক কমিটির অনুমোদন দেয়া হয়। কিন্তু এডহক কমিটির সভাপতি জনাব মোহাঃ আব্দুল খালেক সাহেব পূর্বে অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ছিলেন। সভাপতি থাকাকালীন সময়ে ২০১৪ খ্রিঃ সালে শিক্ষক কর্মচারি নিয়োগকে কেন্দ্র করে ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে ম্যানেজিং কমিটির সকল শিক্ষক প্রতিনিধি, অভিভাবক সদস্য ও সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্যগণ একযোগে পদত্যাগ করলে সভাপতি সাহেব প্রধান শিক্ষককে বাদ দিয়ে সহকারি প্রধান শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এবং ম্যানেজিং কমিটির পদত্যাগকারী সদস্যদের স্থলে ভুয়া রেজুলেশনের মাধ্যমে সদস্য কো-অপ্ট করে মনগড়া ম্যানেজিং কমিটি তৈরি করেন। ভূয়া ম্যানেজিং কমিটি গঠন করে ৬ ণ টি মিথ্যা রেজুলেশন তৈরি করে হাইকোর্টে রীট করে সকল শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা ৬ মাসেরও অধিক সময় বন্ধ করে রাখেন। একদিকে মামলা পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রচুর পরিমানে আর্থিক ক্ষতি হয় অন্যদিকে সকল শিক্ষক কর্মচারীর বেতন ভাতাদি বন্ধ রাখার কারণে শিক্ষক কর্মচারীগণ নিদারুণ দুঃখ কষ্টে ও হতাশায় অমানবিক জীবন যাপন করেন। ফলে শিক্ষার পরিবেশ ভেঙ্গে পড়ে এবং ফলাফল অসন্তোষজনক দেখা দেয়। গত ২৮/১০/২০২০ খ্রিঃ তারিখে আবারও অত্র বিদ্যালয়ে বোর্ড কর্তৃক মনোনিত এডহক কমিটির সভাপতি হিসেবে জনাব মোঃ আব্দুল খালেক সাহেবকে মনোনয়ন দেওয়া হয়েছে। সভাপতি হিসেবে তার মনোনয়নে সকল শিক্ষক কর্মচারিরা হতাশ, ভীত এবং শঙ্কিত। এ ছাড়াও অভিভাবক এবং স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গের মধ্যে চাপাক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে। এমতাবস্থায়, ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিশনের সার্বিক মঙ্গল ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে এডহক কমিটির শিক্ষক প্রতিনিধি সদস্যের পদ থেকে পদত্যাগ করলাম।

অতএব, মহোদয়ের সমীপে বিনীত নিবেদন এই যে, উপরোক্ত কারণ ও অবস্থা বিবেচনা পূর্বক আমার পদত্যাগ পত্র গ্রহন করতে আপনার মর্জি হয়।

তারিখ ঃ ..-১১-২০২০

Received
১৫.১১.২০২০

বিনীত
মোঃ শহীদুর রহমান
(মোঃ শহিদুর রহমান)
শিক্ষক প্রতিনিধি সদস্য
এডহক কমিটি
ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

বরাবর,

সভাপতি/প্রধান শিক্ষক ও সদস্য সচিব
এডহক কমিটি
ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

**বিষয় ঃ ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন-এর গঠিত এডহক কমিটির অভিভাবক সদস্য পদ থেকে পদত্যাগ পত্র প্রদান প্রসঙ্গে।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলায় ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন শিক্ষা প্রতিষ্ঠানটি অবস্থিত। ভোলাহাট উপজেলার প্রাণকেন্দ্রে ১৯১১ সালে প্রতিষ্ঠিত ঐতিহ্যবাহী সুনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান। গত ১৬ জুন, ২০০৯ খ্রিঃ তারিখের এস.আর.ও. নম্বর ১৫৬/আইন/২০০৯ এর ৩৯ ধারা বিধি মোতাবেক নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের শর্তে ২৮/১০/২০২০ খ্রিঃ তারিখ থেকে ৬ (ছয়) মাসের জন্য বোর্ড কর্তৃক এডহক কমিটির অনুমোদন দেয়া হয়। কিন্তু **এডহক কমিটির সভাপতি জনাব মোহাঃ আব্দুল খালেক সাহেব পূর্বে অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ছিলেন। সভাপতি থাকাকালীন সময়ে** ২০১৪ খ্রিঃ সালে শিক্ষক কর্মচারি নিয়োগকে কেন্দ্র করে ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে ম্যানেজিং কমিটির সকল শিক্ষক প্রতিনিধি, অভিভাবক সদস্য ও সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্যগণ একযোগে পদত্যাগ করলে সভাপতি সাহেব প্রধান শিক্ষককে বাদ দিয়ে সহকারি প্রধান শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এবং ম্যানেজিং কমিটির পদত্যাগকারী সদস্যদের স্থলে ভুয়া রেজুলেশনের মাধ্যমে সদস্য কো-অপ্ট করে মনগড়া ম্যানেজিং কমিটি তৈরি করেন। ভূয়া ম্যানেজিং কমিটি গঠন করে ৬-৭ টি মিথ্যা রেজুলেশন তৈরি করে হাইকোর্টে রীট করে সকল শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা ৬ মাসেরও অধিক সময় বন্ধ করে রাখেন। একদিকে মামলা পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রচুর পরিমানে আর্থিক ক্ষতি হয় অন্যদিকে সকল শিক্ষক কর্মচারীর বেতন ভাতাদি বন্ধ রাখার কারণে শিক্ষক কর্মচারীগণ নিদারুণ দুঃখ কষ্টে ও হতাশায় অমানবিক জীবন যাপন করেন। ফলে শিক্ষার পরিবেশ ভেঙ্গে পড়ে এবং ফলাফল অসন্তোষজনক দেখা দেয়। গত ২৮/১০/২০২০ খ্রিঃ তারিখে আবারও অত্র বিদ্যালয়ে বোর্ড কর্তৃক মনোনিত **এডহক কমিটির** সভাপতি হিসেবে জনাব মোঃ আব্দুল খালেক সাহেবকে মনোনয়ন দেওয়া হয়েছে। সভাপতি হিসেবে তার মনোনয়নে সকল শিক্ষক কর্মচারিরা হতাশ, ভীত এবং শঙ্কিত। এ ছাড়াও অভিভাবক এবং স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গের মধ্যে চাপাক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে। এমতাবস্থায়, ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিশনের সার্বিক মঙ্গল ও শিক্ষার সুষ্ঠ পরিবেশ বজায় রাখার স্বার্থে এডহক কমিটির অভিভাবক সদস্যের পদ থেকে পদত্যাগ করলাম।

অতএব, মহোদয়ের সমীপে বিনীত নিবেদন এই যে, উপরোক্ত কারণ ও অবস্থা বিবেচনা পূর্বক আমার পদত্যাগ পত্র গ্রহন করতে আপনার মর্জি হয়।

তারিখ ঃ ১৫-১১-২০২০

Received
15.11.2020

বিনীত

(রাজু আহমেদ)
অভিভাবক সদস্য
এডহক কমিটি
ভোলাহাট রামেশ্বর পাইলট মডেল ইন্সটিটিউশন
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।